# সাভারে দুর্বৃত্তদের হামলায় এসবির এসআই নিহত




ছবি: সংগৃহীত

সাভারে কথাকাটাকাটির জেরে দুর্বৃত্তদের হামলায় পুলিশের স্পেশাল ব্রাঞ্চের (এসবি) উপপরিদর্শক (এসআই) আলতাফ হোসেন নিহত হয়েছেন।

শনিবার (৫ সেপ্টেম্বর) রাত সাড়ে ৮টার দিকে সাভারের আমিনবাজার ইউনিয়নের বড়দেশী এলাকায় এ ঘটনা ঘটে।

নিহত আলতাফ হোসেন আমিনবাজারের বড়দেশী এলাকায় ভাড়া বাসায় থাকতেন। তিনি রাজধানীতে পুলিশের স্পেশাল ব্রাঞ্চে উপপরিদর্শক হিসেবে কর্মরত ছিলেন।

সাভার মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল আলম ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

পুলিশ ও স্থানীয়দের তথ্য অনুযায়ী, শনিবার রাতে বড়দেশী এলাকায় সড়কে অবস্থান করার সময় অজ্ঞাতপরিচয় এক ব্যক্তির সঙ্গে আলতাফ হোসেনের কথা কাটাকাটি হয়। কিছু সময় পর ওই ব্যক্তি আরও ১০ থেকে ১২ জনকে সঙ্গে নিয়ে সেখানে ফিরে আসেন।

পরে তারা আলতাফ হোসেনের ওপর হামলা চালিয়ে মারধর করেন বলে অভিযোগ রয়েছে। এতে তিনি গুরুতর আহত হন। পরে তাকে উদ্ধার করে চিকিৎসার জন্য হাসপাতালে নেওয়া হলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

ওসি সাইফুল আলম বলেন, দুর্বৃত্তদের মারধরের ঘটনায় ওই পুলিশ কর্মকর্তা নিহত হয়েছেন। ঘটনায় জড়িতদের শনাক্ত ও গ্রেপ্তারের জন্য পুলিশের অভিযান চলছে।

LENS ASIA